তারিখ 15 JUN 2016
পৃষ্ঠা ৬ কলাম ৪

সমকাল

# নাইটিংগেল মেডিকেলে শিক্ষার্থী-পুলিশ সংঘর্ষ

সমকাল প্রতিবেদক ও নিজস্ব প্রতিবেদক, *সাভার*

নীতিমালা না মানায় বন্ধ করে দেওয়া আশুলিয়ার নাইটিংগেল মেডিকেল কলেজের শিক্ষার্থীদের সঙ্গে গতকাল মঙ্গলবার পুলিশের দফায় দফায় সংঘর্ষ হয়েছে। এ সময় শিক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসে ব্যাপক ভাংচুর চালায়। সংঘর্ষে আশুলিয়া থানার ওসিসহ ২০ জন আহত হয়েছেন। এ ঘটনার পর শিক্ষার্থীদের ক্যাম্পাস ত্যাগের নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ।

এদিকে নাইটিংগেল মেডিকেল কলেজের শিক্ষা কার্যক্রম চালুর অনুমতি ও রেজিস্ট্রেশন ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত মানববন্ধন থেকে এ দাবি জানানো হয়। এ সময় আশুলিয়ায় শিক্ষার্থীদের ওপর পুলিশি হামলার প্রতিবাদ জানানো হয়। বন্ধ ঘোষণার পর রোববার রাত থেকেই আন্দোলন চালিয়ে আসছিল নাইটিংগেল মেডিকেল কলেজের চার শতাধিক শিক্ষার্থী।

## শিক্ষার্থীদের ক্যাম্পাস ত্যাগের নির্দেশ

পুলিশ ও মেডিকেল কলেজ কর্তৃপক্ষ জানায়, কলেজের ব্যবস্থাপনা পরিচালক হুমায়ুন জামান চৌধুরীকে মুক্ত করতে গতকাল রাত ৪টার দিকে জামগড়া সরকার মার্কেট এলাকার ক্যাম্পাসে প্রবেশ করে পুলিশ। এ সময় আন্দোলনরত শিক্ষার্থীরা পুলিশকে বাধা দিতে গেলে শুরু হয় সংঘর্ষ। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ লাঠিচার্জ ও রাবার বুলেট ছোড়ে। সংঘর্ষ, ধাওয়া-পাল্টা ধাওয়ায় আশুলিয়া থানার ওসি মহসিনুল কাদিরসহ ২০ জন আহত হন।

এদিকে এ ঘটনার পর কর্তৃপক্ষের নির্দেশে শিক্ষার্থীরা নাইটিংগেল মেডিকেল কলেজের আবাসিক হল ছাড়তে শুরু করলেও বিপাকে পড়েছেন ৪৫ বিদেশি। তাদের বিষয়ে কলেজের উপ-অধ্যক্ষ বলেন, বিদেশি শিক্ষার্থীরা আপাতত পুলিশের হেফাজতে ক্যাম্পাসেই অবস্থান করছে।

আশুলিয়া থানার পরিদর্শক (তদন্ত) আকবর আলী জানান, পরিস্থিতি শান্ত। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।